গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

বিষয় : ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)'র সংশোধনী সংক্রান্ত সভার কার্যবিবরণী।
সভার তারিখ : ১৪ আগস্ট ২০২২ খ্রি:
সময় : বিকাল ০৩.০০ টায়
স্থান : এনটিআরসিএ-এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান ও এপিএ'র ফোকাল পয়েন্ট) ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-র সংশোধনের বিষয় সভায় উপস্থাপন করেন। বিবরণ নিম্নরূপ:-

| আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনী সংক্রান্ত আলোচনা। | এনটিআরসিএ'র APA-এর ফোকাল পয়েন্ট সভায় ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন দিক তুলে ধরেন। সভাপতি APA-এর Action Plan অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কর্ম যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। APA-এর ফোকাল পয়েন্ট জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে গত ১৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এপিএ সংশোধন সংক্রান্ত সভায় ২০২২-২৩ অর্থবছরের APA সংশোধন প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এনটিআরসিএর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যে কর্মসম্পাদন কার্যক্রম ও কর্মসম্পাদনের সূচকের মানে কিছু সংশোধন করা প্রয়োজন। এনটিআরসিএ কর্তৃক ১৭তম নিবন্ধন পরীক্ষার লক্ষ্যে ২০২০ সালে বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি প্রকাশের পর নিবন্ধন পরীক্ষার অংশগ্রহণকারীদের নিকট থেকে অনলাইনে আবেদন পত্রও গ্রহণ করা হয়। পরবর্তীতে কোভিড-১৯ এবং সিস্টেম এনালিস্ট না থাকার কারণে নিবন্ধন পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। কিন্তু বিজ্ঞপ্তি প্রকাশ এবং আবেদন পত্র গ্রহণ করার কারণে আগামী ২০২২-২০২৩ অর্থবছরে APA এর মধ্যে উক্ত সম্পন্ন কাজটি অর্থাৎ কর্মসম্পাদন সূচক ১.১.১ এবং ১.১.২ চুক্তি থেকে বাদ দেওয়া প্রয়োজন। কারণ ২০২২-২৩ অর্থ বছরের নিবন্ধন পরীক্ষার জন্য আর বিজ্ঞপ্তি প্রকাশ করার প্রয়োজন হবে না এবং প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র গ্রহণ করার প্রয়োজন হবে না। ১৭তম নিবন্ধন পরীক্ষার কার্যক্রম সম্পন্ন হয়নি বিধায় নতুন করে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা সম্ভব নয়। তাই ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কর্মসম্পাদনের ক্ষেত্র : (১) শিক্ষক নিবন্ধন পদ্ধতি স্বচ্ছ, মানসম্পন্ন ও দুর্নীতিমুক্তকরণ, কার্যক্রম এর (১.১) অনুচ্ছেদে বর্ণিত শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ এবং প্রার্থীদের নিকট হতে | এনটিআরসিএ ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর কর্মসম্পাদনের ক্ষেত্র (১) শিক্ষক নিবন্ধন পদ্ধতি স্বচ্ছ, মানসম্পন্ন ও দুর্নীতিমুক্তকরণ, কার্যক্রম এর আওতাভুক্ত অনুচ্ছেদে বর্ণিত : (১.১) অনুচ্ছেদে বর্ণিত শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ এবং প্রার্থীদের নিকট হতে অনলাইনে আবেদন গ্রহণ কার্যক্রম APA থেকে বাদ দিতে হবে। কর্মসম্পাদন সূচক ১.১.১ এর সূচকের মান ১ কর্মসম্পাদন সূচক ১.২.১ এর সাথে যুক্ত হয়ে (২+১) ৩ হবে। কর্মসম্পাদন সূচক ১.১.২ এর সূচকের মান ১ সূচক ১.৩.১ এর সাথে যুক্ত হয়ে (২+১) ৩ হবে এবং কর্মসম্পাদন সূচক ১.২.১ এর একক "দিনের" স্থলে 'সংখ্যা' করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | অনলাইনে আবেদন গ্রহণ, কর্মসম্পাদন সূচক : (১.১.১) এ বর্ণিত শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ এর সূচকের মান ১ যুক্ত হবে কর্মসম্পাদন সূচক ১.২.১ এর সাথে, কর্মসম্পাদন সূচক (১.১.২) প্রাপ্ত আবেদন এর সূচকের মান ১ যুক্ত হবে কর্মসম্পাদন সূচক (১.৩.১) এর সাথে এবং কর্মসম্পাদন সূচক ১.২.১ এর একক 'দিনের' স্থলে 'সংখ্যা' হবে। সভায় উপস্থিত সকল সদস্য উল্লিখিত কর্মসম্পাদন সূচক ১.১.১ এবং ১.১.২ APA থেকে বাদ দেওয়ার বিষয়ে ঐক্যমত পোষণ করেন। | | |
| ০২. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এ সংশোধন সংক্রান্ত। | এনটিআরসিএ কর্তৃক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির একটি অন্যতম ক্ষেত্র হচ্ছে সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদন বাস্তবায়ন জোরদারকরণ। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ৩.৪ এ কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল হাজিরার ব্যবস্থা করা রয়েছে। উক্ত কার্যক্রমে একক হিসেবে সংখ্যা দেয়া ছিল। এটিকে সংশোধন করে তারিখ করা প্রয়োজন। | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক কার্যক্রম ৩.৪ এ কর্মকর্তা ও কর্মচারীদের ডিজিটাল হাজিরার অংশে 'একক' এর স্থানে সংখ্যার স্থলে 'তারিখ' হবে। | |

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৮/২০২২

(মোঃ এনামুল কাদের খান)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
এনটিআরসিএ, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.১৫.০০১.২০- ৫০৭

তারিখ: ০৮ ভাদ্র, ১৪২৯ খ্রিষ্টাব্দ
২৩ আগস্ট ২০২২ বঙ্গাব্দ

১. সদস্য, প্রশাসন ও অর্থ, এনটিআরসিএ, ঢাকা;
২. সচিব, এনটিআরসিএ, ঢাকা;
৩. পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা;
৪. পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৫. উপপরিচালক (প্রশাসন ও অর্থ), এনটিআরসিএ, ঢাকা;
৬. উপপরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা;
৭. উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), এনটিআরসিএ, ঢাকা;
৮. সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১), এনটিআরসিএ, ঢাকা;
৯. সহকারী পরিচালক, প্রশাসন, এনটিআরসিএ, ঢাকা;
১০. সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-২), এনটিআরসিএ, ঢাকা;
১১. সহকারী পরিচালক (হিসাব ও নিরীক্ষা), এনটিআরসিএ, ঢাকা;
১২. সহকারী পরিচালক (ক্রয় ও সেবা) , এনটিআরসিএ, ঢাকা;
১৩. সহকারী পরিচালক, প্রশাসন (সমন্বয়), এনটিআরসিএ, ঢাকা।
১৪. পিএ টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), এনটিআরসিএ, ঢাকা।
১৫. অফিস কপি।

(মো: শাহীন আলম চৌধুরী)
উপপরিচালক
(শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
ও ফোকাল পয়েন্ট, এপিএ)
এনটিআরসিএ, ঢাকা।